## উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর মে ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

**সভাপতিঃ মোঃ আব্দুল খালেক, চেয়ারম্যান,**
**উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা**
**স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ ।**
**তারিখঃ ২৫ মে ২০২২ , সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা ।**

**সভায় উপস্থিত বৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি মহোদয় কার সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন ।তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আবুল হাসেমকে অনুরোধ জানান উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে গত এপ্রিল, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠকরে শুনান এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভার আলোচ্যসূচি অনুসারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান । অদ্যকার সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত হয় ।

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | (২) এ.ডি.পি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছর শেষ প্রান্তে, তাই বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (এডিপি) স্কীম/প্রকল্পসমূহ যথাসময়ে ও গুনগত মান বজায় রেখে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান । উপজেলা প্রকৌশলী বলেন যে, এডিপির প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং যথাসময়ে প্রকল্পসমূহ সম্পন্ন হবে বলে সভাকে জানান । | বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি,র বরাদ্দ দ্বারা গৃহীত ও অনুমোদিত স্কীপ/প্রকল্পগুলো ৩০ জুনের পূর্বেই সম্পন্ন করতে হবে সঠিক তদারকীর মাধ্যমে শতভাগ কাজ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে । | উপজেলা পরিষদ |
| | | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, তাঁর বাসভবনের পিছনের অংশে পায়ে হাটার রাস্তা রয়েছে । তিনি উক্ত রাস্তায় পার্কিং টাইলস্ করার প্রস্তাব করেন । | বিস্তারিত আলোচনান্তে উপাজেলা নির্বাহি অফিসারের বাসভবনের পিছনের অংশে পায়ে হাটার রাস্তায় উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে পার্কিং টাইলস্ করার বিষয়টি সভায় গৃহীত ও অনুমোদিত হয় । | উপজেলা প্রকৌশলী |
| | | জনাব মোঃ আবুল হাসেম, উপজেলা নির্বাহি অফিসার, কলমাকান্দা বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প বাছাই কমিটি নিম্নবর্ণিত ০৩ (তিন) টি প্রকল্প বাছাইপূর্বক অত্র সভায় অনুমোদনের জন্য পেশ করেন ।<br>০১। কলমাকান্দা উপজেলার গুরুত্তপূর্ণ স্থানে সোলার প্যানেল ও লাইট স্থাপন প্রকল্প, বরাদ্দ = ২০ (বিশ) লক্ষ টাকা ।<br>০২। কলমাকান্দা উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে উচু-নিচু বেঞ্চ সরবরাহ (প্লাস্টিক ব্র্যান্ড)= ১৫ (পনের) লক্ষ টাকা ।<br>০৩। কলমাকান্দা সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ে কম্পিউটার ল্যাব স্থাপনের জন্য অবকাঠামো নির্মাণ,= ১৫ (পনের) লক্ষ টাকা | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত পেশকৃত ০৩ (তিন) উন্নয়ন প্রকল্প ও প্রাক্কলিত মূল্য সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় । | উপজেলা পরিষদ |
| ২ | (৩) বিভাগীয় আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার যে, অত্র উপজেলায় বিভাগীয় কর্মকর্তাগণ তাদের ছুটিসহ কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি উপজেলা পরিষদ ও নির্বাহী বিভাগকে অবহিত করেন না যা মন্ত্রী পরিষদ বিভাগ ও উপজেলা পরিষদ নির্দেশনা মালার পরিপন্থি । তাই তিনি অত্র উপজেলা প্রতিটি দপ্তর প্রধানকে ছুটিসহ কর্মস্থলে অনুপস্থিতির বিষয় উপজেলা পরিষদ ও নির্বাহী বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ জানান । | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে ন্যাস্ত সকল বিভাগীয় কর্মকর্তাগণ ব্যক্তিগত ছুটি ও কর্মস্থলে অনুমোদিত অনুপস্থিতির বিষয় উপজেলা পরিষদ ও নির্বাহী বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে । | সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ |
| | (১) উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের এডিপির প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । অন্যান্য উন্নয়ন কাজের প্রতিও গুরুত্ব দেয়া হয়েছে । | বিস্তারিত আলোচনান্তে এডিপিসহ সকল উন্নয়ন কাজ দ্রুত বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং প্রয়োজনীয় তদারকীর মাধ্যমে শতভাগ কাজ নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| | (২) উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, আগামী ৪-৭ জুন ভিটামিন এ + ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে । ৬ মাস থেকে ৫ বছর বয়সের সকল শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে । উক্ত ক্যাম্পেইন সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন । বর্তমানে করোনার সংক্রমন কম থাকলেও আসন্ন বর্ষা মৌসুমে করোনার সংক্রমন বৃদ্ধি পেতে পারে, তাই যারা এখনো করোনার টিকা গ্রহণ করেন নি তাদেরকে দ্রুত টিকা গ্রহণের জন্য বলেন । তাছাড়া তিনি বোস্টার ডোজ গ্রহণের প্রতিও গুরুত দেন । তিনি আরও বলেন, বর্তমানে ডাইরিয়ার প্রকোপ রয়েছে, কেহ ডাইরেরিয়ায় আক্রান্ত হলে দ্রুত হাসপাতালে ভর্তি করার জন্য বলেন | বিস্তারিত আলোচনান্তে যারা এখনো করোনা ভাইরাসের টিকা গ্রহণ করেননি তাদের দ্রুত টিকা গ্রহণের বিষয়ে জনপ্রতিনিধিগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন । | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা এবং জনপ্রতিনিধসহ সংশ্লিষ্ট সকল |

চলমান পাতা-০২

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | (৩) উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন যে, কৃষকদের বোরো ধান কাটা প্রায় শেষ। এবছর প্রায় ২১ হাজার হেক্টর জমিতে বোরো চাষ করা হয়েছে। তবে বন্যায় কিছু ফসল নষ্ট হয়েছে। | বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা করে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা। |
| | (৪) উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন যে, তার দপ্তররের কোন সমস্যা নেই, অফিসের কাজকর্ম স্বাভাবিক রয়েছে। | দাপ্তরিক কাজের গতি বৃদ্ধি করতে হবে। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা |
| | (৫) উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন যে,২০২১-২০২২ অর্থ বছরে বিভিন্ন প্রকল্পভুক্ত যে সমস্ত বরাদ্দ পাওয়া গিয়েছে। এসব প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রাক্কলন গুলো দ্রুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | প্রাইমারী স্কুলসমূহের উন্নয়ন/সংস্কার কাজের প্রাক্কলন দ্রুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশরী ও শিক্ষা অফিসার |
| | (৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, তার দপ্তররের কোন সমস্যা নেই, অফিসের কাজকর্ম স্বাভাবিক রয়েছে | দাপ্তরিক কাজের গতি বৃদ্ধি করতে হবে। | মাধ্যমিক শিক্ষা অফিসার, কলমাকান্দা |
| | (৭) উপজেলা পঃপঃ অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিক। কোন সমস্যা নেই। | যারা করোনার টিকা গ্রহণ করেননি, তাদের টিকা গ্রহণে মাঠকর্মীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| | (৮) সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কাজকর্ম যথাযথভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি মহোদয় বলেন যে, মোবাইল নম্বর ও পিনকোড বিরম্বনায় অনেক ভাতাভোগীর ভাতা প্রাপ্তির ক্ষেত্রে বিড়ম্বনার স্বীকার হচ্ছেন। তাদের জটিলতা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। | বিভিন্ন ভাতাভোগীর ভাতা প্রাপ্তির ক্ষেত্রে মোবাইল নম্বর ও পিনকোড জটিলতা নিরসন করে তাদের হয়রানি বন্ধ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| | (৯) উপজেলা সমবায় অফিস | নব যোগদানকৃত উপজেলা সমবায় কর্মকর্তা সভায় তার পরিচয় প্রদান করেন। তিনি বলেন যে, তিনি সমবায়িদের স্বাবলম্বী হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং দাপ্তরিক কাজের সৃজনশীলতা আনার চেষ্টা করবেন। | সমবায়ীদের তাদের আর্থ-সামাজিক উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ তাদের সার্বিককাজে সহযোগিতা প্রদান করতে হবে | উপজেলা সমবায় অফিসার, |
| | (১০) উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, ভিজিডির চাউল সঠিক সময়ে উত্তোলন করে যথাযথভাবে বিতরন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ভিজিডির মাল সঠিক পরিমাপে সঠিক নিয়মে বিতরন নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার ইউপি চেয়ারম্যানবৃন্দ |
| | (১১) উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় বলেন যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিক। | দাপ্তরিক কাজের গতি বৃদ্ধি করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| | (১২) উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিক। কোন সমস্যা নেই। | সেবামূলক কাজসমূহ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | ১৩) ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কলমাকান্দা বলেন যে, ঋণ আদায়ে প্রায় সময়ই জটিলা দেখা দেয়। তাই তিনি সাধারণ ও খেলাপি ঋণ আদায়ের তিনি ইউপি চেয়ারম্যানবৃন্দের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। | ঋণ প্রদানে ও খেলাপী ঋণ আদায়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করতে হবে এবং ইউপি চেয়ারম্যানবৃন্দ ঋণ আদায়ে প্রয়োজনীয় সহযোগিতা করবেন। | সমন্বয়কারী/ অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক ও ইউপি চেয়ারম্যানবৃন্দ |
| | (১৪) জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহাকরী প্রকৌশলী, জনস্বাস্থ্য বলেন যে, বরাদ্দ অনুযায়ী অনুমোদিত তালিকা মোতাবেক যারা জামানতের টাকা জমা দিয়েছেন তাদের গভীর নলকূপসমূহের বরিং এর কাজ চলমান। যারা এখনো জামানতের টাকা জমা দেননি তাদের জামানত জমা দেয়ার বিষয়ে ইউপি চেয়ারম্যানগণের সার্বিক সহযোগিতা কামনা করেন | বিধি মোতাবেক নলকূপের উপকারভোগী নির্বাচন করতে হবে এবং নলকূপ স্থাপনে সকল অনিয়নম রোধ করতে হবে, সে জন্য প্রয়োজনীয় মনিটরিং করতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা |

চলমান পাতা-০৩

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | (১৫ )পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা বলেন যে, তাঁর দপ্তরের মাধ্যমে জনগণের প্রত্যাশিত সেবা প্রদান করা হচ্ছে। যথানিয়মে ঋন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে । তার দপ্তরে কোন সমস্যা নেই বলে জানান । | উক্ত দপ্তরের অধিক্ষেত্রের সমিতিসমূহের কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | ব্যবস্থাপক,পদাবিফা |
| | (১৬) বিদ্যুৎ বিভাগ | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কলমাকান্দা, বলেন যে, অত্র উপজেলার নতুন কমপ্লেক্স ভবনে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে । তবে গত পরিষদ সভার সিদ্ধান্তের আলোকে প্রত্যেক বিভাগকে স্ব-স্ব বিদ্যুতের মিটার স্থাপনের জন্য অনুরোধ জানান । | উপজেলার নব নির্মিত একাডেমিক ভবনের বিভিন্ন অফিস সমূহের পৃথক পৃথক বিদ্যুত মিটার স্থাপন করতে হবে । মেইন মিটারের প্রদর্শিত ব্যবহৃত বিদ্যুতের ইউনিট অত্র ভবনের প্রতিটি বিভাগের মিটারের ইউনিটের আনুপাতিক হারে বন্টন করে প্রতিটি বিভাগের বিদ্যুত বিল দাখিলের বিষয়টি সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয় । | ডিজিএম/এজিএম পল্লী বিদ্যুত সমিতি ও সংশ্লিষ্ট অফিস প্রধান গণ |
| | ১৭) প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক । কোন সমস্যা নেই । | কর্মসূচির কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে । | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা |
| | ১৮। খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক । কোন সমস্যা নেই । | অত্র উপজেলা চাহিদা মোতাবেক খাদ্য শস্য গুদামে মজুদ নিশ্চিত করতে হবে ৃ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| | ১৯) যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম সুন্দরভাবে চলছে । খেলাপী ঋণ আদায়ের জোর দেয়া হয়েছে । | । ঋণ খেলাপীদের সনাক্ত করে খেলাপী ঋণ আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা । |
| | (২০) ইউপি চেয়ারম্যান, সদর | ইউপি চেয়ারম্যান, কলমাকান্দা সদর বলেন যে, ডিও নিয়ে মাল উত্তোলন করতে গিয়ে খাদ্য গুদামে নানা সমস্যার সম্মুকিন হতে হয় । বিশেষ করে লেবারের সমস্যা প্রকট । তিনি এ সমস্যা হতে উত্তরনের কথা বলেন । উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানবৃন্দ একমত পোষন করেন । | খাদ্য গুদামের লেবার সমস্যা সমন্বয়ের ভিত্তিতে সঠিকভাবে সমাধানের ব্যবস্থা গ্রহণ করতে হবে । | ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদ্যগুদাম ও ইউপি চেয়ারম্যান |
| | (২১)ইউপি চেয়ারম্যান, বড়খাপন | ইউপি চেয়ারম্যান, বড়খাপন বলেন যে, তাঁর ইউনিয়নের সার্বিক অবস্থা ভাল । কোন সমস্যা নেই । | জনগণের প্রত্যাশিত সেবা প্রদান নিশ্চিত করতে হবে । | ইউপি চেয়ারম্যান |
| | (২২) ইউপি চেয়ারম্যান, নাজিরপুর | চেয়ারম্যান নাজিরপুর বলেন যে, তার ইউনিয়নে কোন সমস্যা নেই । | জনগণের প্রত্যাশিত সেবার প্রতি গুরুত্ব দিতে হবে । | ইউপি চেয়ারম্যান |
| | (২৩)ইউপি চেয়ারম্যান, রংছাতি | ইউপি চেয়ারম্যান, রংছাতি বলেন যে, তারঁ ইউইয়নটি সীমান্তবর্তী ইউনিয়ন । তাই সার্বিক দিক দিয়ে বিশেষ নজর রাখার জন্য তিনি উপজেলা প্রশাসন কে অনুরোধ জানান । । | জনগণের প্রত্যাশিত সেবার প্রতি গুরুত্ব দিতে হবে । | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | ২৪) ইউপি চেয়ারম্যান, খারনৈ | ইউপি চেয়ারম্যান, খারনৈ বলেন যে, খারনৈ ইউনিয়নের রাস্তা-ঘাটের অবস্থা খুবই খারাপ । তিনি ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট সংস্কারের প্রস্তাব করেন । | খারনৈ ইউনিয়নের ক্ষতিগ্রস্ত রাস্তা –ঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । | উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান |
| | ২৫) ইউপি চেয়ারম্যান, কৈলাটী | ইউপি চেয়ারম্যান, কৈলাটী বলেন যে , তারঁ ইউনিয়নের রাস্তা-ঘাটের অবস্থা ভাল নয় । এসব রাস্তা ঘাটের উন্নয়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন । তিনি সিধলী বাজার উন্নয়নের প্রস্তাব করেন । | বিস্তারিত আলোচনান্তে সিধলী বাজার উন্নয়নে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয় । | উপজেলা নির্বাহী অফিসার ও ইউপি চেয়ারম্যান |
| | ২৬) ইউপি চেয়ারম্যান, পোগলা | ইউপি চেয়ারম্যান, পোগলা তার ইউনিয়নের কয়েকটি গুরুত্বপুর্ন রাস্তা সংস্কারের প্রস্তাব করেন । তিনি খাদ্য বান্ধব কর্মসুচির উপকারভোগীর তালিকা সংশোধনের প্রস্তাব দেন । | জনসাধারণের প্রত্যাশিত সেবা প্রদিন নিশ্চিত করতে হবে। উক্ত ইউনিয়নের রাস্তা-ঘাটের উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । | উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান |
| | ২৭) ইউপি চেয়ারম্যান, লেংগুড়া | ইউপি চেয়ারম্যান, লেংগুড়া ক্ষতিগ্রস্ত রাস্তাঘাটের উন্নয়নের জন্য উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সদয় সুদৃষ্টি কামনা করেন । | উক্ত ইউনিয়নের ক্ষতিগ্রস্ত রাস্তা –ঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । | উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান |
| | (২৫)মহিলা ভাইস চেয়ারম্যান | উপজেলা মহিলা ভাইস চেয়েরম্যান এডিপির প্রকল্পসমূত দ্রুত বাস্তবায়নের কথা বলেন । | এডিপির প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে । | উপজেলা প্রকৌশলী |

চলমান পাতা-০৪

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | (২৬) ভাইস চেয়ারম্যান | উপজেলা ভাইস চেয়ারম্যান বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছর শেষ পর্যায়ে, কিন্তু এখনো এডিপির টেন্ডারের কাজ শেষ হয়নি। বর্ষা আগত, তাই বর্ষাকালে এডিপির কাজ বাস্তবায়নে সমস্যা হবে। তিনি অতিদ্রুত এডিপির টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | এডিপির সকল প্রকল্পের কাজ অতি দ্রুত সম্পন্ন করতে হবে। | উপজোলা প্রকৌশলী |
| | (২৭) উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার অত্র উপজেলার সকল কর্মকর্তাকে নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিত করাসহ স্ব-স্ব দপ্তর হতে জনসাধারণের প্রত্যাশিত সেবা প্রদান নিশ্চিত করার জন্য সকলকে অনুরোধ জানান। | সকল বিভাগীয় প্রদানগণ তাদের দাপ্তরিক কাজ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| | (২৮) সভাপতি ও উপজেলা চেয়ারম্যান | সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, মুজিববর্ষ উপলক্ষ্যে ভুমিহীন ও গৃহহীন পরিবারকে গৃহ প্রদানের মাধ্যমে বাংলাদেশকে ভুমিহীন ও গৃহহীন পরিবার মুক্ত করার যে প্রত্যয় মাননীয় প্রধানমন্ত্রী মহোগয় গ্রহণ করেছেন, এ জন্য তিনি মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। অতঃপর তিনি সকল কর্মকর্তাকে নিয়মিত অফিসে উপস্থিত থেকে দাপ্তরিক কার্যাদি যথাসময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার সকল কর্মকর্তাগণ তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনসহ জনসাধারণের প্রত্যাশিত সেবা নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৯

মোঃ আব্দুল খালেক
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২৪০.০০০.০৬.০১৫.১৮- ৬০৯ (৫০)

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৯
০২ জুন ২০২২

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৭ নেত্রকোণা - ১।
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।৬
৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কলমাকান্দা,নেত্রকোণা।
৮। উপজেলা ............................................................ অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।
৯। সহকারী প্রোগ্রামার, কলমাকান্দা, নেত্রকোণা। তাকে উক্ত কার্যবিবরণী উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য বলা হলো।
১০। চেয়ারম্যান ............................................. (সকল ইউপি). কলমাকান্দা,নেত্রকোণা।

০২/০৬/২২
(মোঃ আবুল হাসেম)
উপজেলা নির্বাহী অফিসার
কলমাকান্দা,নেত্রকোণা।